

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২০৯৪

পর্ব-৭: সওম (রোযা) (১ ত্রান্ত)

পরিচ্ছেদঃ ৮. দ্বিতীয় অনুচ্ছেদ - লায়লাতুল কদর

আরবী

وَعَنْ عَبْدِ اللّهِ بْنِ أُنيْسٍ قَالَ: قُلْتُ يَا رَسُولَ اللّهِ إِنَّ لِي بَادِيَةً أَكُونُ فِيهَا وَأَنا أُصلِّي فِيهَا بِحَمْد اللهَ فَمُرْنِي بِلَيْلَةٍ أَنْزِلُهَا إِلَى هَذَا الْمَسْجِدِ فَقَالَ: «انْزِلْ لَيْلَة ثَلَاث وَعشْرين». قيل لِابْنِه: كَيْفَ كَانَ أَبُوكَ يَصنْنَعُ؟ قَالَ: كَانَ يَدْخُلُ الْمَسْجِدَ إِذَا صَلَّى الْعَصنْ فَلَا يَخْرُجُ مِنْهُ لِعَاجَةٍ حَتَّى يُصلِّي الصنُّبْحَ فَإِذَا صَلَّى الصنُّبْحَ وَجَدَ دَابَّتَهُ عَلَى بَابِ الْمَسْجِدِ فَجَلَسَ عَلَيْهَا وَلحق بباديته. رَوَاهُ أَبُو دَاؤُد

বাংলা

২০৯৪-[১২] আবদুল্লাহ ইবনু উনায়স (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমি একবার রস্লুল্লাহ সাল্লাল্লাহু অলাইহি ওয়াসাল্লাম-কে বললাম, হে আল্লাহর রসূল! গ্রামে-গঞ্জে আমার বাড়ী। ওখানেই আমি বসবাস করি। আলহামদুলিল্লাহ্ ওখানেই সালাতও আদায় করি। অতএব রমাযানের একটি নির্দিষ্ট রাতের কথা বলে দিন, (যে রাতে আমি সে রাত খুঁজতে) আপনার এ মসজিদে আসতে পারি। এ কথা শুনে তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বললেনঃ আচ্ছা তুমি তবে (রমাযান (রমজান) মাসের) ২৩ তারিখ দিবাগত রাতে এসো। বর্ণনাকারী বলেন, এরপর কেউ তাঁর ছেলেকে জিজ্ঞেস করল, আপনার পিতা তখন কি করতেন? ছেলে উত্তরে বলল, তিনি আসরের সালাত আদায়ের সময় মসজিদে প্রবেশ করতেন ফজরের সালাত আদায়ের আগে (প্রাকৃতিক প্রয়োজন ছাড়া) কোন কাজে বের হতেন না। ফজরের সালাত শেষে মসজিদের দরজায় নিজের বাহনটি প্রস্তুত পেতেন। এরপর বাহনটিতে বসতেন এবং নিজের গ্রামে চলে যেতেন। (আবু দাউদ)[1]

ফুটনোট

[1] হাসান সহীহ : আবু দাউদ ১৩৮০, সুনানুল কুবরা লিল বায়হাক্কী ৮৫৩৮, সহীহ ইবনু খুযায়মাহ ২২০০।

ব্যাখ্যা



ব্যাখ্যা: লায়লাতুল কদর রমাযানের ২৩তম রাত হওয়ার দিকে সাহাবী ও তাবি'ঈগণের একটি দল মত দিয়েছেন। হাফেয আসকালানী (রহঃ) বলেন, মু'আবিয়াহ্ (রাঃ) হতে বিশুদ্ধ সনাদে বর্ণিত রয়েছে যে, লায়লাতুল কদর রমাযানের ২৩তম রাত। ইবনু 'উমার (রাঃ)-এর বর্ণনায় রয়েছে, যে লায়লাতুল কদর অনুসন্ধান করতে চায় সে যেন ২৩তম রাতে তা অনুসন্ধান করে। তিনি বলেন, আইয়ূব (রাঃ) ২৩তম দিনে গোসল করতেন এবং সুগন্ধি লাগাতেন।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন